দৈনিক সংবাদ

তারিখ 25 MAY 1992
পৃষ্ঠা ... কলাম ...

### রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পরীক্ষা

# দিনাজপুরে পরীক্ষা ভণ্ডুল ।। ঠাকুরগাঁয়ে ৫ জন আহত ।। বহিষ্কার ১৬৯

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পরীক্ষার দ্বিতীয় দিনে গতকাল রোববার বিভিন্ন কেন্দ্র থেকে ১৬৯ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। দিনাজপুরে পরীক্ষা ভণ্ডুল হয়ে গেছে, ঠাকুরগাঁয়ে বহিরাগতদের ইটপাটকেলে অতিরিক্ত জেলা প্রশাসকসহ ৫ জন আহত হয়েছেন। পরীক্ষা কেন্দ্র থেকে ১০ বস্তা নকল উদ্ধার করা হয়েছে।

দিনাজপুর থেকে নিজস্ব সংবাদদাতা জানানঃ দুপুর ১২টা ৩৫ মিনিটে দিনাজপুরে কেবিএম কলেজ কেন্দ্রে বিজ্ঞান ভবনের ১৫নং কক্ষে ছাত্র সংসদের জনৈক নেতার নকল ধরার পর পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। উত্তেজিত পরীক্ষার্থীরা হলের দরজা জানালা ভাংচুর করতে থাকে ও খাতাপত্র নিয়ে বেরিয়ে যায়। এ সময় ২ জন ছাত্রীর গলার চেইন ছিনতাই হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার জন্য পুলিশকে ৯ রাউণ্ড কাঁদানে গ্যাস ছুড়তে হয়।

এই কেন্দ্রের ১৩৫৫ জন পরীক্ষার্থী ঐ হাঙ্গামার সময় প্রশ্ন ও উত্তরপত্র নিয়ে বাইরে চলে গেলেও বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত মাত্র ৮'শ' খাতা কেন্দ্রের কর্তৃপক্ষের কাছে জমা দেয়া হয়। কেন্দ্রে পুলিশ মোতায়েন করা হয়েছে।

অপরদিকে আদর্শ কলেজ কেন্দ্র থেকে অসদুপায় অবলম্বনের দায়ে ১০৯ জনকে বহিষ্কার করা হয়েছে।

ঠাকুরগাঁ থেকে নিজস্ব সংবাদদাতার ফোনঃ ঠাকুরগাঁ সরকারী কলেজ কেন্দ্র হতে ১৬ জন এবং পীরগঞ্জ সরকারী কলেজ কেন্দ্র হতে ২৯ জনকে বহিষ্কার করা হয়েছে। জেলা প্রশাসক এবং পুলিশ সুপারের নেতৃত্বে পরীক্ষার হলে তল্লাশি চালিয়ে ১০ বস্তা নকল উদ্ধার করা হয়।

এরপর বহিরাগত লোকজন ব্যাপক ইটপাটকেল নিক্ষেপ করলে অতিরিক্ত জেলা প্রশাসকসহ ৫ জন সামান্য আহত হন।

পরীক্ষাশেষে ছাত্ররা অধ্যক্ষকে ঘেরাও করে লাঞ্ছিত করে। এদিকে পরীক্ষা শুরুর ৫ মিনিটের মধ্যে প্রশ্নপত্র পরীক্ষা কেন্দ্রের বাইরে ফাঁস হয়ে যায়।

কুষ্টিয়া সংবাদদাতা জানানঃ কুমারখালি কেন্দ্রে ৯ জন ও ভেড়ামারা কেন্দ্রে ৬ জন পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়েছে।